



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শুক্রবার কম্পিউটার ও তথ্যপ্রযুক্তিবিষয়ক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা

ইউআইইউতে তথ্য প্রযুক্তিবিষয়ক সম্মেলন

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) কম্পিউটার ও তথ্যপ্রযুক্তিবিষয়ক ২১তম আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার ইউনিভার্সিটি প্রাঙ্গণে এ সম্মেলন হয়।

এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি ছিলেন ইউআইইউর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউর উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। এতে স্বাগত বক্তব্য দেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ। বিশ্বের সবচেয়ে বড় প্রকৌশল পেশাদারদের সংগঠন ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার্সের (আইইইই) বাংলাদেশ সেকশনের সভাপতি অধ্যাপক সেলিয়া শাহনাজ, টেক্সাস এ অ্যান্ড এম বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ এস আলমসহ দেশি-বিদেশি তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞরা বক্তব্য দেন। সংবাদ বিজ্ঞপ্তি।